দৈনিক ইত্তেফাক

তারিখ 30 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

60

78

# সাদৎ কলেজে পরীক্ষা চলাকালে আবার হাঙ্গামা ॥ ৫ জন শিক্ষক আহত

টাঙ্গাইল সংবাদদাতা : গতকাল (রবিবার) করটিয়া সরকারী সাদৎ বিশ্ববিদ্যালয় কলেজে সম্মান পরীক্ষা চলাকালে নকল করিতে না পারার ঘটনাকে কেন্দ্র করিয়া সৃষ্ট হাঙ্গামায় একজন ম্যাজিস্ট্রেট পরীক্ষার্থীদের হাতে প্রহৃত এবং কলেজ শিক্ষক কাউন্সিলের সম্পাদকসহ পাচজন শিক্ষক আহত

(১১শ পৃ: ৫-এর ক: দ্র:)

## সাদৎ কলেজে

(১ম পৃ: পর)

হন। প্রহৃত ম্যাজিস্ট্রেট মঞ্জুরুর রহমানকে আহত অবস্থায় টাঙ্গাইল জেনারেল হাসপাতালে ভর্তি করা হইয়াছে। বেলা দেড়টায় পরীক্ষা শুরু হইয়া প্রায় একঘন্টা শান্তিপূর্ণভাবে চলে। এই সময় অসদুপায় অবলম্বনের দায়ে দশজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। আড়াইটার দিকে হঠাৎ একটি কক্ষের কতিপয় পরীক্ষার্থী কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের উপর আক্রমণ চালায় এবং আসবাবপত্র ভাঙ্গচুর করে। এই সময় অনেক উত্তরপত্র ছিঁড়িয়া ফেলা হয়। অন্যান্য কক্ষেরও কিছু কিছু পরীক্ষার্থী তাহাদের সহিত যোগ দেয়। বিশৃঙ্খল অবস্থা ও হাঙ্গামা চলাকালে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত জেলা প্রশাসকসহ ম্যাজিস্ট্রেটগণ অধ্যক্ষের কক্ষে আশ্রয় নিয়া ভিতর হইতে দরজা বন্ধ করিয়া দেন। এই সময় হামলাকারীরা ব্যাপকভাবে ইট-পাটকেল ছুঁড়িতে থাকে এবং দরজা ভাঙ্গার চেষ্টা করে। শেষ পর্যন্ত উপস্থিত রাজনৈতিক ও ছাত্র নেতৃবৃন্দ তাহাদের শান্ত করিয়া পরীক্ষার হলে নিয়া বসান এবং তাহারা পুনরায় পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষার্থীদের আচরণের প্রতিবাদে এই সময় শিক্ষকরা পরিদর্শকের দায়িত্ব পালনে বিরত থাকেন এবং প্রশাসনের লোকজনও কলেজ পরিত্যাগ করেন।

উল্লেখ্য, গত মঙ্গলবার স্নাতকোত্তর পরীক্ষা চলাকালে কড়াকড়ি আরোপের প্রতিবাদে কতিপয় পরীক্ষার্থী ও বহিরাগতদের হামলায় ঐদিনের পরীক্ষা পণ্ড হইয়া যায় এবং এই প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সাদত কলেজের সম্মান ও স্নাতকোত্তর পরীক্ষার কেন্দ্র বাতিল করেন। পরবর্তী পরীক্ষাসমূহ টাঙ্গাইল শহরের সরকারী কুমুদিনী কলেজে গ্রহণের ব্যবস্থা নেওয়া হয়। ইহার প্রতিবাদে ছাত্ররা শুক্রবার বিকাল হইতে টাঙ্গাইল-ঢাকা সড়ক অবরোধ করে এবং গতকাল (রবিবার) টাঙ্গাইলে সকাল সন্ধ্যা হরতালের ডাক দেয়। এই পরিস্থিতিতে শনিবার বিকাল হইতে গভীর রাত পর্যন্ত জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রশাসন, রাজনৈতিক নেতৃবৃন্দ, কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র নেতৃবৃন্দের বৈঠকের পর সর্বদলীয় ছাত্র নেতৃবৃন্দ গতকাল রবিবার হইতে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য লিখিত অঙ্গীকারনামা দেন এবং অন্যথায় প্রশাসনের যে কোন প্রকার হস্তক্ষেপ বা ব্যবস্থা গ্রহণ মানিয়া নিতে রাজী হন। এঅবস্থায় স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দের অনুরোধে এবং ত্রাণ ও পুনর্বাসন প্রতিমন্ত্রী লুৎফর রহমান খানের মধ্যস্থতায় ভাইস চ্যান্সেলর মনিরুজ্জামান মিয়া উপরোক্ত শর্ত সাপেক্ষে পরীক্ষামূলকভাবে পরবর্তী পরীক্ষা সাদাৎ কলেজে গ্রহণে অনুমতি দেন। ছাত্ররা তাহাদের সড়ক অবরোধ ও হরতাল কর্মসূচী প্রত্যাহার করিয়া নেয়।

গতকালের ঘটনার পর কলেজের শিক্ষক কাউন্সিল অধ্যক্ষের কক্ষে জরুরী সভায় মিলিত হন। এই রিপোর্ট লেখা পর্যন্ত আলোচনা